



সংবাদপত্রের নাম: : দৈনিক স্বজন
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ
তারিখ : : ০১.০৯.২০২৩খ্রি.

সংবাদ
সম্পাদকীয়
প্রবন্ধ/চিত্রপত্র

রাস্তায় চাঁদাবাজি ও চালককে নির্যাতনের প্রতিবাদে গৌরীপুর যানবাহন বন্ধ করে চালকদের বিক্ষোভ-প্রতিবাদ



গৌরীপুর প্রতিনিধি : রাস্তায় একাধিক পয়েন্টে (জিবি) চাঁদাবাজি ও চালককে নির্যাতনের প্রতিবাদে ময়মনসিংহের গৌরীপুর-বেখেরহাটি সড়কের দক্ষন কৃষ্ণপুর এলাকায় ব্যাটারি চালিত অটোরিকশা ও সিএনজি যানবাহন বন্ধ করে শনিবার (০২/০৯/২৩) চালকরা বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ করে। প্রতিবাদে সমাবেশে উপজেলার বোকাইনগর দক্ষন কৃষ্ণপুর গ্রামের মো. মোসলেম উদ্দিনের পুত্র মো. রবিন মিয়া জানান, শনিবার

সকালে শাহগঞ্জ যাওয়ার পর জিবি (চাঁদাবাজি) দিতে দেরি হওয়ায় সিএনজির ৪জন যাত্রীকে নামিয়ে দেয়। প্রকাশে তাকে শারীরিকভাবে লাঞ্চিত করা হয়েছে। চালক খোকন মিয়া জানান, একই সড়কে একাধিক বার জিবি (চাঁদা) দিতে হয়। ১০কিলোমিটারে পথে একবার গৌরীপুর, গোলকপুর মোড়,

শাহগঞ্জ বাজার, ভূটিয়ারকোনা বাজার ও বেখেরহাটিতে চাঁদা দিতে হয়। পথেপথে যাত্রী উঠুক আর না উঠুক, চাঁদা দিতেই হয়। আরেক চালক রমজান আলী জানান, আমরা গাড়ি কিনে কি অপরাধ করেছি, গাড়ি বন্ধ করে তাহলে কী রাস্তায় ডাকাতি করবো? চালক সোহেল মিয়া, (২য় পাতায় ৭ম কলাম দেখুন)

রাস্তায় চাঁদাবাজি ও চালককে

(১ম পাতার পর) আরশাদ আলী, নবী হোসেন জানান, পৌরসভার ট্রেড লাইসেন্স নেয়ার পরেও পথেপথে এতো চাঁদা কেন দিবো? চালক এমদাদ হোসেন বলেন, হাতে লাঠি নিয়ে ওরা রাস্তায় দাঁড়ায়, দেরি হলেই গাড়িতে বারি মারে, কথা বললে আমাদেরকে মারে, আমরা তো এখনো পরাধীন। বিক্ষুব্ধ একাধিক শ্রমিক জানান, আমরা এসব জিবি বন্ধে আন্দোলন করার পরেও প্রশাসন ব্যবস্থা নেয়নি। চালক নির্যাতন ও জিবি (চাঁদা) উত্তোলন প্রসঙ্গে মো. খোকন মিয়া জানান, শনিবার সকালে রবিন সিরিয়াল ভেঙ্গে ৪জন যাত্রী তুলে ছিলো। তাদেরকে নামিয়ে দেয়া হয়েছে। তাকে নির্যাতনের কোনো ঘটনা ঘটেনি। তিনি আরও জানান, ময়মনসিংহ জেলা অটোটেম্পু সিএনজি মাহিন্দ্র ও অটোবাইক শ্রমিক ইউনিয়ন (ঢাকা রেজিঃনং ২৯৯১, অটোবাইক রেজিঃ নং ১১৩৮৭) এর রশিদ দিয়ে কার্যালয় পরিচালনার জন্য ৫টাকা ও বয়স্ক ভাতা-চিকিৎসা খাতে ৫টাকা জিবি আদায় করা হচ্ছে। খবর পেয়ে গৌরীপুর থানার পুলিশ ঘটনাস্থলে আসেন। শ্রমিকদের সঙ্গে আলোচনা করে বিষয়টি নিষ্পত্তি করার চেষ্টা করছেন। এ রিপোর্ট পাঠানো পর্যন্ত অটোরিকশা চলাচল বন্ধ রয়েছে।